**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/29/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল 14 মে বাফেলোর টপস মার্কেটে শ্বেতাঙ্গ আধিপত্যবাদীর আক্রমণে আক্রান্ত ব্যক্তিদের অতিরিক্ত সেবাদানের জন্য 2.5 মিলিয়ন মার্কিন ডলার নতুন তহবিল ঘোষণা করলেন

***তহবিলটি বাফেলো ইউনাইটেড রেজিলিয়েন্সি সেন্টারকে অবিলম্বে কর্মী বৃদ্ধি করতে দিবে; ঘটনার ভুক্তভোগীদের, অপরাধের শিকার ব্যক্তিদের পরিবারের সদস্য, টপসের কর্মচারী ও আশেপাশের সম্প্রদায়ে সেবাদানের জন্য প্রয়োজনীয় পরিচালনা সমর্থন নিশ্চিত করবে***

***বাফেলো ইউনাইটেড রেজিলিয়েন্সি সেন্টার পরিচালনা করার জন্য বাফেলো আর্বান লীগ এবং বাফেলোর কমিউনিটি হেলথ সেন্টারগুলি অংশীদারিত্ব করবে এবং রেজিলিয়েন্সি সেন্টারের পরিচালনা সমিতির "সম্প্রদায়ের প্রয়োজন মূল্যায়নের" সাথে মানানসই কর্মসূচি ও সেবা তৈরি ও বাস্তবায়ন করার জন্য সমিতির সাথে কাজ করবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 2022 সালের 14 মে বাফেলোর ইস্ট সাইডের টপস মার্কেটে শ্বেতাঙ্গ আধিপত্যবাদীর আক্রমণে আক্রান্ত ব্যক্তিদের অতিরিক্ত সেবাদানের জন্য 2.5 মিলিয়ন মার্কিন ডলার নতুন স্টেট তহবিল প্রদান করা হবে। 2025 সালের জুন পর্যন্ত বাফেলো ইউনাইটেড রেজিলিয়েন্সি সেন্টার (Buffalo United Resiliency Center, BURC) পরিচালনা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের ভিকটিম পরিষেবা অফিসের (New York State Office of Victim Services, OVS) প্রদত্ত তহবিল ব্যবহার করে বাফেলো আর্বান লীগ (Buffalo Urban League, BUL) বাফেলোর কমিউনিটি হেলথ সেন্টারগুলির (Community Health Centers of Buffalo, CHCB) সাথে একটি নতুন অংশীদারিত্বে নেতৃত্ব দিবে। স্টেটের এই তহবিল যোগ হওয়ার ফলে বাফেলো ইউনাইটেড রেজিলিয়েন্সি সেন্টার অবিলম্বে কর্মী সংখ্যা বৃদ্ধি করতে পারবে এবং নিশ্চিত করতে পারবে যাতে অপরাধের শিকার ও ভুক্তভোগী, টপসের কর্মচারী এবং মার্কেটের আশেপাশের সম্প্রদায়ে সেবাদানের জন্য প্রয়োজনীয় পরিচালনা ও প্রশাসনিক সংস্থান তাদের কাছে থাকে। সমিতির সম্প্রতি শেষ হওয়া মূল্যায়নের সাথে মানানসই হবে এমন কর্মসূচি ও সেবা তৈরি ও বাস্তবায়ন করার জন্য সংগঠন দুইটি রেজিলিয়েন্সি সেন্টারের বিদ্যমান পরিচালনা সমিতির সাথে অংশীদারিত্ব করবে।

"14 মে এর আক্রমণটি ইতিমধ্যেই অর্থনৈতিক অসমঞ্জস্য, মৌলিক সেবা পাওয়ার অসম সুযোগ এবং পাকাপোক্ত হয়ে থাকা বর্ণবাদ নিয়ে দীর্ঘদিন ধরে ভুগতে থাকা সম্প্রদায়টির আরো ক্ষতি

করেছে," **গভর্নর হোকল বলেন।** "জেফারসন অ্যাভিনিউ এলাকা ও এর বাসিন্দারা যখন এই মর্মান্তিক ঘটনা থেকে নিরাময়ের কাজ করছে তখন নিউ ইয়র্ক স্টেট তাদের সমর্থন করা বন্ধ করবে না। অতিরিক্ত তহবিল আমাদেরকে আমাদের মতো নিউ ইয়র্কবাসীর জন্য সেবা ও কর্মসূচি সম্প্রসারিত করতে দিবে কারণ আমাদের ভালোবাসা ও সমর্থনকে বাস্তবে চাক্ষুষ করতে পারা তাদের প্রাপ্য।"

বাফেলো ইউনাইটেড রেজিলিয়েন্সি সেন্টারের অন্তর্বর্তীকালীন পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন শার্ডেনি (শার) ইয়ং-ফোর্ড, সেন্টারটিতে অবিলম্বে চারজন কেস ব্যবস্থাপক এবং দুজন আউটরিচ বিশেষজ্ঞকে নিয়োগদান করা হবে। সম্প্রতি পরিচালনা সমিতির শেষ করা "চাহিদা মূল্যায়নের" সাথে মানানসই উপায়ে সেবা প্রদান ও কর্মসূচির নকশা ও বাস্তবায়ন করার জন্য মিস ফোর্ড বাফেলো আরবান লীগ, বাফেলোর কমিউনিটি হেলথ সেন্টারসমূহ, এবং পরিচালনা সমিতির সাথে কাজ করবেন। এইসব চাহিদার মধ্যে রয়েছে আবাসন পাওয়ার সুযোগ, পরিবহন পাওয়ার সুযোগ, জরুরি এবং দীর্ঘমেয়াদি খাদ্য পাওয়ার সুযোগ এবং সেই সাথে ভাড়া, ইউটিলিটি ও অন্যান্য বকেয়ার ব্যাপারে সহায়তা, কিন্তু চাহিদাসমূহ এর মধ্যে সীমাবদ্ধ থাকবে না।

5 এপ্রিল বুধবার থেকে শুরু করে, at 1149 জেফারসন অ্যাভিনিউ, সুইট A তে সোমবার থেকে শুক্রবার, সকাল 9টা থেকে বিকাল 5টা পর্যন্ত BURC সক্রিয় থাকবে।

BURC-কে অবিলম্বে এর ধারণক্ষমতা বৃদ্ধি করতে দেওয়ার পাশাপাশি, নতুন তহবিল পরিচালনা সমিতির কাজকেও সমর্থন করা অব্যাহত রাখবে, স্টেটের তহবিলের সময়কাল চলাকালীন সময়ে সমিতির নেতৃত্ব দিবেন ইরি কাউন্টি রিস্টোরেটিভ জাস্টিস কোয়ালিশনের (Erie County Restorative Justice Coalition) নির্বাহী পরিচালক ডিনা টম্পসন।

**নিউ ইয়র্ক স্টেটের ভিকটিম পরিষেবা অফিসের পরিচালক এলিজাবেথ ক্রোনিন বলেন,** "বাফেলোতে ঘৃণা উদ্দীপিত আক্রমণের পর তাৎক্ষণিকভাবে আমরা প্রত্যক্ষভাবে ক্ষতিগ্রস্ত ও সম্প্রদায়ের সদস্যদের সহায়তা করার জন্য শহরে কর্মী প্রেরণ করেছি। অপরাধের শিকার ব্যক্তি, পরিবার, কর্মী ও আক্রমণের ফলে যেসব বাসিন্দাদের জীবন বিঘ্নিত হয়েছে তাদের সহায়তা ও সমর্থন প্রদান অব্যাহত রাখার জন্য তহবিল ও সংস্থানের উপলভ্যতা নিশ্চিত করতে গভর্নর হোকল নেতৃত্ব দিয়েছেন। নিরাময় সমর্থন করতে, বন্দুক সহিংসতা হ্রাস করতে এবং সহিংসতার বিধ্বংসী এই ঘটনা দ্বারা আক্রান্ত ব্যক্তিদের সমর্থন ও সুযোগ প্রদান করার জন্য আমরা বাফেলোতে আমাদের অংশীদারদের সাথে কাজ অব্যাহত রাখবো।"

**বাফেলোর মেয়র বায়রন ব্রাউন বলেন,** "ইস্ট বাফেলো ও বাফেলোর কৃষ্ণাঙ্গ সম্প্রদায়ের চাহিদা পূরণ করতে আমাদের অংশীদারিত্বে প্রয়োজনীয় সংস্থান প্রদান অব্যাহত রাখার জন্য আমি গভর্নর ক্যাথি হোকলের প্রতি কৃতজ্ঞ। বাফেলো ইউনাইটেড রেজিলিয়েন্সি সেন্টারটি ইস্ট বাফেলোর জন্য দারুণ একটি সম্পদ যারা আমাদের নিরাময়রত সম্প্রদায়ের জন্য অতি গুরুত্বপূর্ণ সেবা প্রদান করছে। 5/14/2022 তারিখে হওয়া ভয়ঙ্কর মর্মান্তিক ঘটনায় ক্ষতিগ্রস্তদের সমর্থন করার ব্যাপারে তাদের সম্প্রসারণ অনেক সাহায্য করবে।"

**বাফেলো আর্বান লীগের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা টমাস বিউফোর্ড জুনিয়র বলেন,** "বাফেলোর কমিউনিটি হেলথ সেন্টারের সাথে একটি কৌশলী জোটের মাধ্যমে বাফেলো আর্বান লীগ আমাদের বিদ্যমান পরিপূরক কর্মসূচি, প্রত্যক্ষ সেবা, ও বিশ্বস্ত বক্তাদের ব্যবহার করে আমাদের সম্প্রদায়ের বর্ণিত অত্যাবশ্যকীয় কিছু সমস্যার সমাধান করতে সাহায্য করবো।সামগ্রিক ও উন্নত ও নিউ ইয়র্ক স্টেট তহবিলের মাধ্যমে, সম্প্রদায়টির কাছে এমন একটি রেজিলিয়েন্সি সেন্টার থাকবে যা অতি দ্রুত সাড়াদান করবে এবং যাদের কাছে স্বাস্থ্য ও সম্পদের সামাজিক নির্ণয়নের বিশাল একই ব্যাপ্তির সমাধান করার সংস্থান থাকবে।"

**বাফেলো কমিউনিটি হেলথ সেন্টারের নির্বাহী পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডাঃ লাভোন আনসারি বলেন,** "আমরা এখানে একটি গুরুত্বপূর্ণ কাজের অংশ হয়েছি। আমরা নিশ্চিত করবো যাতে আমাদের সম্প্রদায়ের চাহিদা মেটাতে আমাদের সেরা কাজ করতে পারি।"

**বাফেলো ইউনাইটেড রেজিলিয়েন্সি সেন্টারের অন্তর্বর্তীকালীন পরিচালক শার্ডেনি ইয়ং-ফোর্ড বলেন,** "বাফেলো ইউনাইটেড রেজিলিয়েন্সি সেন্টারের অন্তর্বর্তীকালীন পরিচালক হিসেবে, সম্প্রদায়ে ক্ষতিগ্রস্তদের বক্তব্যকে সজোরে উত্থাপন করা আমার জন্য গুরুত্বপূর্ণ। সেই সাথে ঘটনায় প্রত্যক্ষভাবে ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ের প্রয়োজনকে সম্মুখসারিতে রাখাও অপরিহার্য। বাফেলো ইউনাইটেড রেজিলিয়েন্সি সেন্টার নতুন অংশীদারিত্বটি ব্যবহার করে ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ে সেবাদানের ক্ষেত্রে আরো বৃহত্তর ব্যাপ্তি অর্জন করতে পারবে, যেখানে লালিত নিরাময়ের জন্য নিরাপদ স্থান তৈরিতে গুরুত্ব প্রদান করা হবে এবং একইসাথে স্বাস্থ্য উদ্বেগের বিভিন্ন সামাজিক কারণ সমাধান করা হবে। 14 মে, 2022 থেকে ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ের চাহিদা কেবল বৃদ্ধিই পেয়েছে, এবং সেইসব চাহিদা পূরণের জন্য পর্যাপ্ত সেবা ও সংস্থান প্রদান করতে এই অংশীদারিত্বটি একটি গুরুত্বপূর্ণ পরবর্তী ধাপ। এই সম্প্রদায়কে সেবাদান অব্যাহত রাখতে পেরে এবং গভর্নর হোকলের প্রদত্ত তহবিল ব্যবহার করে তাদের নিরাময়ের যাত্রাকে সমর্থন করতে পেরে আমি কৃতজ্ঞ। প্রদত্ত সেবার ব্যাপারে এবং আসন্ন কর্মসূচির ব্যাপারে জানাবে এমন গুরুত্বপূর্ণ আপডেটের জন্য বাফেলো ইউনাইটেড রেজিলিয়েন্সি সেন্টারের ফেসবুক পেজে যোগাযোগ করুন।

**ওয়েস্টার্ন নিউ ইয়র্ক সংস্থান পরিষদের (Resource Council of Western New York) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ক্যাথেরিন রবার্টস বলেন,** "14 মে, 2022 তারিখের ভয়ঙ্কর মর্মান্তিক ঘটনা দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সেবাদানে নিউ ইয়র্ক স্টেট প্রদত্ত অতিরিক্ত সংস্থানের জন্য ইস্ট বাফেলো সম্প্রদায়ের পক্ষ থেকে আমরা কৃতজ্ঞতা জানাচ্ছি। ওয়েস্টার্ন নিউ ইয়র্ক সংস্থান পরিষদ গণ গুলিবর্ষণের ঘটনায় প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্ষতিগ্রস্তদের সেবাদান অব্যাহত রেখেছে এবং আমাদের প্রতিবেশী ও সম্প্রদায়ের জন্য অতি প্রয়োজনীয় চলমান সমর্থন ও সমাধান প্রদান করে যেতে বাফেলো আর্বান লীগ ও বাফেলোর কমিউনিটি হেলথ সেন্টারগুলির সাথে অংশীদারিত্ব করার জন্য উন্মুখ।"

**ইরি কাউন্টি রিস্টোরেটিভ জাস্টিস কোয়ালিশনের নির্বাহী পরিচালক এবং বাফেলো ইউনাইটেডের পরিচালনা সমিতির প্রধান ডিনা টম্পসন বলেন,** "বাফেলোর ইস্ট সাইডে বসবাসরত আফ্রিকান আমেরিকান সম্প্রদায়ের উপর 14 মে এর আক্রমণ দ্বারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ক্ষতিগ্রস্তদের জন্য সমর্থন অব্যাহত রাখার জন্য আপনাকে ধন্যবাদ, গভর্নর

হোকল। অতিরিক্ত এই সংস্থান সম্প্রদায়ের সদস্যদেরকে নিজেদের নিরাময়ের জন্য এবং সম্প্রদায়ভিত্তিক সম্পদ বলীয়ান করার জন্য প্রয়োজনীয় সংস্থান পেতে সাহায্য করবে। বাফেলোর ইস্ট সাইডের মানুষ তাদের একত্রে আসার এবং অন্য কারো আক্রমণের চেষ্টা থেকে পুনর্বাসন করার সক্ষমতা বিশ্বকে প্রদর্শন করেছে। আমাদের সম্প্রদায়ে ঘৃণার কোনও স্থান নেই এবং সর্বদা ভালোবাসারই জয় হবে। একত্রে আমরা এমন একটি সম্প্রদায় গঠন করবো যেখানে আমরা সকলেই বসবাস, খেলাধুলা, শিক্ষা, কাজ ও সমৃদ্ধি করতে পারবো।"

স্টেটের এই তহবিলটি ফেডারেল অপরাধের শিকার ব্যক্তিদের অফিসের (Office for Victims of Crime) সন্ত্রাসবিরোধী ও জরুরি সহায়তা কর্মসূচির (Antiterrorism and Emergency Assistance Program) মাধ্যমে উপলভ্য ফেডারেল তহবিলের সম্পূরক হবে। তহবিলটি অবশ্যই ফেডারেলভাবে সংজ্ঞায়িত, বৈধভাবে সনাক্ত অপরাধের শিকার ব্যক্তিদের সেবায় ব্যবহার করতে হবে : প্রাণ হারানো নারী ও পুরুষের পরিবার এবং আহত ব্যক্তি; গুলির সময় দোকানে থাকা টপস কর্মচারী; গুলরই সময় মার্কেট বা পার্কিং লটে থাকা যেকোনও ব্যক্তি; অপরাধের ঘটনার এক ব্লক ব্যাসার্ধে থাকা ব্যক্তি; এবং প্রথম সাড়াদানকারীগণ।

**স্টেটের সিনেটর টিম কেনেডি বলেন,** "শোকের কোনও শেষ তারিখ নেই; 14 মে গণ গুলিবর্ষণের দ্বারা প্রভাবিত ব্যক্তিদের কাছে যাতে নিরাময়ের সম্পূর্ণ প্রক্রিয়াজুড়ে অব্যাহত সহায়তা ও সমর্থক সংস্থান থাকে না নিশ্চিত করা আমাদের জন্য অপরিহার্য। বাফেলোর ইস্ট সাইড এবং এক বছর পরেও যারা মারাত্মক এই ক্ষতির সাথে লড়াই করছে সেই ব্যক্তিদের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতিকে নতুন এই স্টেট তহবিলটি তুলে ধরে।"

**অ্যাসেম্বলি সদস্য ক্রিস্টাল পিপল-স্টোকস বলেন,** "5/14 এর পর যখন আমাদের সম্প্রদায়ের তাদেরকে সবথেকে বেশি প্রয়োজন ছিলো তখন এগিয়ে আসার জন্য আমি বাফেলো আর্বান লীগ, বাফেলোর কমিউনিটি হেলথ সেন্টার এবং অন্যান্য সংগঠনের প্রশংসা করছি। অপরাধের শিকার ব্যক্তিদের পরিবার, বন্ধু, টপস কর্মচারী, দর্শক এবং এলাকার বাসিন্দারা এখনো এটি কাটিয়ে উঠতে পারেনি। আমরা দৃঢ় ও স্থিতিশীল মানুষ, আমরা একত্রে এটি কাটিয়ে উঠবো। প্রয়োজনীয় এইসব সমর্থক সেবা অব্যাহত রাখার জন্য আরো অতিরিক্ত সংস্থান প্রদানের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

**ইরি কাউন্টির আইনসভার প্রধান এপ্রিল বাসকিন বলেন,** "গণ গুলিবর্ষণের ঘটনাটি ইতিমধ্যে ব্যবস্থাগত ট্রমার ক্ষত নিয়ে বেঁচে থাকা ইস্ট বাফেলোর বাসিন্দাদের দেহ ও মনে আঘাত করেছে," বলেন ইরি কাউন্টির আইনসভার প্রধান এপ্রিল এন. এম. বাসকিন। "এই তহবিল রেজিলিয়েন্সি সেন্টারকে তাদের প্রদত্ত সেবা বর্ধিত করতে দিবে। আমাদের সম্প্রদায়ের দীর্ঘদিন ধরে অবহেলিত অংশে সংস্থান প্রদান করার ক্ষেত্রে গভর্নর হোকলের অব্যাহত প্রতিশ্রুতির জন্য আমি তাকে ধন্যবাদ জানাতে চাই।"

**ইরি কাউন্টির বিধায়ক হাওয়ার্ড জনসন বলেন,** "সম্প্রদায়ে যারা এখনো 14 মে এর সন্ত্রাসবাদী হামলার প্রভাবে ভুগছে তাদের জন্য অতি প্রয়োজনীয় এই তহবিল বরাদ্দ করার জন্য গভর্নরকে ধন্যবাদ জানাচ্ছি।আমরা আমাদের সম্প্রদায়ে সংঘটিত অকল্পনীয় এই ঘটনার প্রায় এক বছর পার করে দিয়েছি এবং আমাদের সকলের জন্য সেই বেদনা এখনো অত্যন্ত

প্রকট।যারা এখনো 14 মে এর সন্ত্রাসবাদী হামলার প্রভাবে ভুগছে তাদেরকে সাহায্য করার কাজ বাফেলো ইউনাইটেড রেজিলিয়েন্সি সেন্টার তহবিলটির মাধ্যমে চালিয়ে যেতে পারবে, এবং আমাদের প্রাণশক্তিতে ভয়ঙ্কর এই আঘাত থেকে নিরাময় লাভ করে সম্প্রদায় হিসেবে আমাদের সামনে অগ্রসর হওয়াকে এই তহবিলটি সাহায্য করবে।"

**বাফেলো কমনের (Buffalo Common) পরিষদ সদস্য ইউলিসিস ও. উইঙ্গো বলেন,** "5/14/22 তারিখে আমাদের মহান শহরে আক্রমণ আফ্রিকান-আমেরিকানদের জন্য যেই ট্রমার সৃষ্টি করেছে তা বিবেচনা করে বাফেলো সিটির মনস্তাত্ত্বিক ও আবেগ সংক্রান্ত সামাজিক চাহিদাকে অগ্রাধিকার করা নিশ্চিত করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ। আফ্রিকান-আমেরিকান বাফেলোবাসীগণ যাতে নিউ ইয়র্ক স্টেটের নেতৃত্বের কাছে নিজেদের মূল্য রয়েছে তা অনুধাবন করতে পারে এবং ইস্ট বাফেলোতে ঘৃণা উদ্দীপিত বর্ণবাদী গুলির ঘটনার ফলে সৃষ্ট ট্রমা কাটিয়ে উঠতে সাহায্য করবে এবং অতি প্রয়োজনীয় সেবা পেতে পারে তা নিশ্চিত করার জন্য অতিরিক্ত পরিষেবাগুলি মুখ্য ছিলো।"

একটি অপরাধের ঘটনার কারণে ব্যয় বা ক্ষতির সম্মুখীন হওয়া ব্যক্তি যাদের তা পরিশোধ বা ক্ষতিপূরণের সংস্থান নেই, OVS তাদের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ সেফটি নেট প্রদান করে। অন্যান্য সহায়তার পাশাপাশি আর্থিক সহায়তার অধীনে রয়েছে চিকিৎসা ও কাউন্সেলিং ব্যয়, অন্ত্যেষ্টিক্রিয়া ও কবর দেওয়ার ব্যয়, হারানো বেতন ও সমর্থন। যদিও স্টেটের আইন বিশেষ ক্ষতিপূরণ ও ব্যয়পূরণের পরিমাণকে সীমিত করে, নিউ ইয়র্ক হলো একমাত্র স্টেট যারা চিকিৎসা বা কাউন্সেলিং ব্যয়ে কোনও সীমা নির্ধারণ করে না, অর্থাৎ ব্যক্তিরা সারাজীবন সহায়তা লাভ করতে পারবে।

এছাড়াও এজেন্সিটি বাফেলোতে এক ডজনসহ, 200 এর বেশি ভিকটিম সহায়তা কর্মসূচি সমর্থন করে যা অপরাধের শিকার ও তাদের পরিবারের জন্য সরাসরি সেবা, যেমন সঙ্কট কাউন্সেলিং, অ্যাডভোকেসি, জরুরি আশ্রয়, নাগরিক আইনি সহায়তা এবং স্থানান্তর সহায়তা প্রদান করে। এছাড়াও এজেন্সি উপযুক্ত অপরাধের শিকার ব্যক্তিদের অন্যান্য সহায়তার পাশাপাশি আর্থিক সহায়তা এবং চিকিৎসা ও কাউন্সেলিং খরচ, অন্ত্যেষ্টিক্রিয়া এবং কবর দেওয়ার খরচ, হারানো বেতন এবং সমর্থনের ক্ষতিপূরণ প্রদান করে। OVS কে টুইটারে (Twitter) এবং ফেসবুকে (Facebook) অনুসরণ করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন